বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ১০

আষাঢ় ২৪, ১৪৩১
তারিখ : ----------------
জুলাই ০৮, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

**অন্যান্য প্রযোজ্য খাতসহ রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক-এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি প্রদানের ক্ষেত্রে অডিট ফার্ম নিয়োগ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ০৫, তারিখ ফেব্রুয়ারি ১২, ২০২৪-এর প্রতি মনোযোগ আকর্ষণ করা হলো।

২। ২০২৪-২০২৫ অর্থবছরের নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির আবেদনপত্র নিরীক্ষার লক্ষ্যে ব্যাংকের হিসাব নিরীক্ষায় নিয়োজিত নিরীক্ষা ফার্মের সমসংখ্যক নিরীক্ষা ফার্ম নিয়োগ করা যাবে। তবে, উক্তরূপে নিয়োজিত নিরীক্ষা ফার্ম অপেক্ষা অতিরিক্ত নিরীক্ষা ফার্ম নিয়োগ আবশ্যক হলে সে বিষয়ের যৌক্তিকতা, সংশ্লিষ্ট ফার্ম কর্তৃক বিগত সময়ে ব্যাংকটিতে নিয়োজিত থাকার তথ্য, নগদ সহায়তার কেসের সংখ্যা ও প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যসহ নিরীক্ষা ফার্মের সংখ্যা উল্লেখপূর্বক বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে হবে। নিরীক্ষা ফার্ম নিয়োগের সকল ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবে :

(ক) নিরীক্ষা ফার্ম নিয়োগের পূর্বে সংশ্লিষ্ট ফার্ম (সিএ/সিএমএ) ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এবং বাংলাদেশ ব্যাংক-এর প্রকাশিত সর্বশেষ তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে কি না তা যাচাই করতে হবে ;

(খ) নিরীক্ষা ফার্ম নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী ব্যাংকের পরিচালনা পর্ষদ/স্থানীয় সর্বোচ্চ পর্যায়ের পূর্বানুমোদন থাকতে হবে ;

(গ) ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এবং এ আইনের আওতায় জারিকৃত ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২-এর তফসিল-১, অংশ-ঙ, অনুচ্ছেদ ৪ এর নির্দেশনাসহ তদ্‌বিষয়ে অন্যান্য নির্দেশনা পরিপালন করতে হবে ;

(ঘ) এফই সার্কুলার পত্র নং ২১, তারিখ জুন ০২, ২০২০-এর নির্দেশনা অনুসারে ব্যাংকের হিসাব নিরীক্ষায় কিংবা নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির কেস নিরীক্ষার লক্ষ্যে একাধারে তিন বছরের জন্য নিয়োজিত কোনো নিরীক্ষা ফার্ম পরবর্তী অন্যূন তিন বছরের জন্য একই ব্যাংকে নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির কেস নিরীক্ষার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৩। নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির কেস নিরীক্ষা সংশ্লিষ্ট এফই সার্কুলার পত্র নং-এফইপিডি(কম)২৯১/২০০২-১৩৬৭, তারিখ জুন ০২, ২০০২; এফই সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৪-১৩, তারিখে জুন ২৯, ২০১৪; এফই সার্কুলার পত্র নং ২৯, তারিখ আগস্ট ১২, ২০২০ এবং এফই সার্কুলার নং ২০, তারিখ ডিসেম্বর ০৩, ২০২৩ ও অন্যান্য এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনা যথারীতি বহাল থাকবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩